# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৬৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ জুমু‘আয় সকাল সকাল উপস্থিত হওয়ার দিক দিয়ে মানুষের সাওয়াব প্রাপ্তিতে তারতম্য

## ذِكْرُ تَبَايُنِ النَّاسِ فِي الْأَجْرِ عِنْدَ رَوَاحِهِمْ إلى الجمعة

আরবী

2763 ـ أَخْبَرَنَا أَبُو سَعِيدٍ عَبْدُ الْكَبِيرِ بْنُ عُمَرَ الْخَطَّابِيُّ بِالْبَصْرَةِ حَدَّثَنَا أَحْمَدُ بْنُ الْمِقْدَامِ حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ حَدَّثَنَا رَوْحُ بْنُ الْقَاسِمِ حَدَّثَنَا الْعَلَاءُ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ: (عَلَى كُلِّ بَابٍ مِنْ أَبْوَابِ الْمَسْجِدِ مَلَكَانِ يَكْتُبَانِ الْأَوَّلَ فَالْأَوَّلَ: فَكَرَجُلٍ قَدَّمَ بَدَنَةً وَكَرَجُلٍ قَدَّمَ بَقَرَةً وَكَرَجُلٍ قَدَّمَ شَاةً وَكَرَجُلٍ قَدَّمَ طَيْرًا وَكَرَجُلٍ قَدَّمَ بَيْضَةً فَإِذَا قعد الإمام طويت الصحف)
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2763 | خلاصة حكم المحدث: صحيح ـ ((التعليق الرغيب)) (1/ 253).

বাংলা

২৭৬৩. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আবুল কাসিম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “মাসজিদের প্রতিটি দরজায় দুইজন করে ফেরেস্তা থাকেন। তারা প্রথমজন অতঃপর পরেরজন এভাবে নাম লিপিবদ্ধ করেন। (যিনি প্রথমে আসে, সে ব্যক্তি) ঐ ব্যক্তির ন্যায় যে একটি উট সাদাকাহ করে, তারপরের ব্যক্তি ঐ ব্যক্তির ন্যায়, যে একটি মেষ সাদাকাহ করে, তারপরের ব্যক্তি ঐ ব্যক্তির ন্যায়, যে একটি পাখি সাদাকাহ করে, তারপরের ব্যক্তি ঐ ব্যক্তির ন্যায়, যে একটি ডিম সাদাকাহ করে। অতঃপর যখন ইমাম (খুতবার জন্য মিম্বারে) বসেন, তখন খাতাসমূহ ভাঁজ করে রেখে দেওয়া হয়।”[1]

ফুটনোট

[1] সহীহুল বুখারী: ৯২৯; সহীহ মুসলিম: ৮৫০; নাসাঈ: ২/১১৬; দারেমী: ১/৩৬৩; মুসনাদ আহমাদ: ২/২৫৯;

ইবনু মাজাহ: ১০৯২।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ১/২৫৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92093

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন